

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি কলেজ-৬ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৩৮.০০১.১৭.২৯৬

তারিখ: ২৩ অগ্রহায়ণ ১৪২৬
০৮ ডিসেম্বর ২০১৯

বিষয়: বরিশাল মহানগরীতে প্রতিষ্ঠিত 'আবুদর রব সেরনিয়াবাত কলেজ' সরকারিকরণের বিষয়ে মতামত।

সূত্র: ১। প্রধানমন্ত্রীর কার্যালয়ের স্মারক নং-০৩.০৭৪.৩৭.০৪৮.০০.০০৩.২০১৮-৪৮৩ তারিখ ২৪/১০/২০১৮ইং

২। জেলা প্রশাসক, বরিশাল এর স্মারক নং ০৫.১০.০৬০০.১১৭.৬২.০২৭.১৯.৪০২ তারিখ: ০৬/১১/২০১৯
উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে বরিশাল মহানগরীতে প্রতিষ্ঠিত 'আবুদর রব সেরনিয়াবাত কলেজ' সরকারিকরণের বিষয়ে জেলা প্রশাসক বরিশাল-এর মতামত চাওয়া হলে গত ০৬ নভেম্বর ২০১৯ ০৫.১০.০৬০০.১১৭.৬২.০২৭.১৯.৪০২ সংখ্যক স্মারকে জেলা প্রশাসক, বরিশালের মতামত প্রদান করেন।

জেলা প্রশাসক, বরিশাল মতামতে উল্লেখ করেন যে, বিশিষ্ট সমাজসেবক ও শিক্ষানুরাগী মরহুম আলহাজ্ব কাজী মোখলেছুর রহমানের প্রচেষ্টায় ১৯৯৭ সালের ১০ এপ্রিল থেকে কলেজটির যাত্রা শুরু হয় এবং কলেজটির নামকরণ করা হয় ১৯৭৫ সালের ১৫ আগস্টে শাহাদাতবরণকারী সর্বজন শ্রদ্ধেয় শহীদ আবদুর রব সেরনিয়াবাত এর নামে। বর্তমানে বরিশাল মহানগরীতে ০৫টি সরকারি কলেজ, ০৭টি বেসরকারি কলেজ আছে। কলেজের প্রয়োজনীয় তথ্যাদি সংযুক্ত ছকে পূরণ করে প্রেরণ করেছেন। তিনি আরও উল্লেখ করেন যে, বরিশাল মহানগরীর উত্তর প্রান্তে ঘনবসতিপূর্ণ এলাকায় নিজস্ব ১.৬২ একর জমিতে কলেজটি অবস্থিত এবং কলেজটি জাতীয়করণ করা হলে বরিশাল মহানগরীসহ পার্শ্ববর্তী এলাকার গরীব ও মেধাবী ছাত্র- ছাত্রীরা কম খরচে মানসম্মত উচ্চ শিক্ষা গ্রহণের সুযোগ লাভ করবে।

বিষয়টিমহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মতে (বিস্তারিত প্রতিবেদন)



৮-১২-২০১৯

গোপাল চন্দ্র দাস

উপসচিব

ফোন: ৯৫৭৭৪২৫

সচিব

প্রধানমন্ত্রীর কার্যালয়

প্রধানমন্ত্রীর কার্যালয়

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৩৮.০০১.১৭.২৯৬/১(৬)

তারিখ: ২৩ অগ্রহায়ণ ১৪২৬
০৮ ডিসেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) সিনিয়র সচিব এর একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) অধ্যক্ষ,
- ৬) ব্যক্তিগত কর্মকর্তা, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



৮-১২-২০১৯

গোপাল চন্দ্র দাস
উপসচিব